

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৪৫৯
আগরতলা, ৩ অক্টোবর, ২০২৪

রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে ১ বছর ৬ মাস বয়সী ইশা রায়ের
বিনামূল্যে ক্লেফট লিপ বা ঠোঁট ও কাটাতালুরসফল অস্ত্রোপচার

গত ৯ জানুয়ারি, ২০২৩ তারিখে ধলাই জেলার মনুঘাট ব্লকের অধীন ঘাগড়াছড়ারবাসিন্দা পিকম রায়ের ঘরে আলো করে আসে তাদের একমাত্র শিশুকন্যা। মনুঘাট সামাজিক স্বাস্থ্য কেন্দ্রে জন্ম হওয়া এই ফুটফুটে কন্যাশিশুটির মা বাবা তার নাম রাখে ইশা রায়। কিন্তু জন্মের পরেই তার ঠোঁট ও তালু কাটা চিহ্ন দেখা যায়, যা দিন দিন স্পষ্ট হয়ে উঠে। শিশুটির পিতা মাতা ও অভিভাবকরা মানসিকভাবে ভেঙ্গে পরে। পরবর্তী সময় একদিন রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের ডাঃ ওয়েডসন দেববর্মা, ডাঃ প্রীতিলতা দেববর্মা ও ফার্মাসিস্ট সোমেন্দ্র দাস সহ এক মেডিকেল টিম শিশুটিকে স্ক্রিনিং করেন। তাতে শিশুটির ক্লেফট লিপ বা ঠোঁট ও তালু কাটা বিষয়টি চিহ্নিত করেন। এই মেডিকেল টিম শিশুর পিতা মাতা সহ অভিভাবকদেরকে রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের অধীন সম্পূর্ণ বিনামূল্যে অস্ত্রোপচারের মাধ্যমে উক্ত সমস্যাটির সমাধানের নিশ্চয়তা প্রদান করেন। উক্ত মেডিকেল টিমের কথা শুনে শিশুটির পিতা মাতা মনু সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসক ডাঃ ওয়েলসন দেববর্মা, ডাঃ প্রীতিলতা দেববর্মা ও ফার্মাসিস্ট সোমেন্দ্র দাসের সঙ্গে শিশুটির উন্নত চিকিৎসার বিষয়ে পরামর্শ করেন। তখন রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের অধীন শিশুটির অস্ত্রোপচারের জন্য গত ৩০ জুন, ২০২৪ আগরতলা হাঁপানিয়াস্থিত ত্রিপুরা মেডিকেল কলেজ অ্যান্ড ড.বি আর আশ্বেদকর মেমোরিয়াল টিচিং হাসপাতালে পাঠানো হয়। গোহাটিস্থিত মিশন স্মাইল এর সহযোগিতায় রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমে উদ্যোগে ত্রিপুরা মেডিকেল কলেজ অ্যান্ড ড.বি আর আশ্বেদকর মেমোরিয়াল টিচিং হাসপাতালে ঠোঁট ও তালু কাটা বা ক্লেফট লিপ-এর একটি অস্ত্রোপচার শিবির অনুষ্ঠিত হয়। তাতে গত ২ জুলাই ২০২৪ শিশুটির ঠোঁট ও তালু কাটা বা ক্লেফট লিপ এর সফল অস্ত্রোপচার করা হয়। অস্ত্রোপচারের পরদিনই শিশুটিকে হাসপাতাল থেকে ছুটি দিয়ে দেওয়া হয়। অস্ত্রোপচারের পর রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের দৌলতে নতুন জীবন ফিরে পেল ইশা (১ বছর ৬ মাস)। বর্তমানে শিশুটি সম্পূর্ণ সুস্থ রয়েছে। এর ফলে শিশুটির পিতা মাতা ও অভিভাবকদের মধ্যে খুশির হাওয়া বয়ে যায়। সম্পূর্ণ বিনামূল্যে শিশুটির অস্ত্রোপচারের সুযোগ করে দেওয়ায় মনু সামাজিক স্বাস্থ্য কেন্দ্রের রাষ্ট্রীয় বাল স্বাস্থ্য কার্যক্রমের চিকিৎসক সহ মেডিকেল টিমের সদস্যদেরকে শিশুটির পিতা মাতা ও অভিভাবকরা ধন্যবাদ জানান ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
